# পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ
## মুর্শিদাবাদ জেলা শাখা
## বিজ্ঞান অভীক্ষা : ২০২৫

সময় ঃ ১ ঘ. ৩০ মি. **দশম শ্রেণি** পূর্ণমান - ১০০

নাম / Name ........................................................................................................

### নির্দেশিকা

*১) প্রতি প্রশ্নের উত্তর A,B,C,D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। OMR-এ ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।*


*২) প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে।*


*৩) OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে ঐ কাগজে রাফ করবে।*


*৪) পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।*


## GROUP - A

1. বয়েলের সূত্র থেকে প্রাপ্ত PV – P লেখচিত্র

A) 


B) 


C) 


D) 


2. একটি লাল ও বেগুনি রঙের আলোকরশ্মি বায়ুমাধ্যম থেকে একই কোণে একটি প্রিজমে আপতিত হয়ে যথাক্রমে r এবং v প্রতিসরণ কোণ উৎপন্ন করলে কোন্‌টি ঠিক?

A) $r > v$ B) $r = v$ C) $r = \frac{1}{v}$ D) $r < v$

3. উষ্ণতা বৃদ্ধিতে আয়তন— A) সব তরলের ক্ষেত্রে যে কোন উষ্ণতায় প্রসারিত হয় B) জলের ক্ষেত্রে $0^0C$ থেকে $4^0C$ পর্যন্ত উষ্ণতা বাড়লে হ্রাস পায় C) জলের ক্ষেত্রে $0^0C$ থেকে $4^0C$ পর্যন্ত উষ্ণতা বাড়লে বৃদ্ধি পায় D) সব তরলের ক্ষেত্রে যে কোন উষ্ণতায় হ্রাস পায়।

4. সমান্তরাল সমবায়ে যুক্ত তিনটি রোধের মান যথাক্রমে $2\,\Omega$, $4\,\Omega$ এবং $6\,\Omega$ হলে, তাদের ক্ষমতার অণুপাত হবে—

A) 6:3:2 B) 1:2:3 C) 2:3:6 D) 3:2:1

5. থার্মিট পদ্ধতিতে নিষ্কাশন করা যায় না কোন্ ধাতুটি? A) Fe B) Cr C) Al D) Mn

6. কপার তড়িৎদ্বার ব্যবহার করে $CuSO_4$ দ্রবণের তড়িৎ বিশ্লেষণের ক্ষেত্রে নীচের কোন্ বিবৃতিটি ঠিক?

A) ক্যাথডের ভর হ্রাস পায় B) অ্যানোডের ভর বাড়ে

C) দ্রবণে $CuSO_4$ এর গাঢ়ত্ব কমে D) দ্রবণে $CuSO_4$ এর গাঢ়ত্ব অপরিবর্তিত থাকে।

7. $_{92}U^{238}$ পরমাণু থেকে একটি '$\alpha$' কণা ও একটি '$\beta$' কণা নির্গত হলে উৎপন্ন পরমাণুটির পরমাণু ক্রমাঙ্ক ও ভর সংখ্যা হবে?

A) 92, 234 B) 90, 238 C) 91, 234 D) 91, 238

8. $C_2H_6O$ আনবিক সংকেত যুক্ত দুটি ভিন্ন যৌগের মধ্যে সম্পর্ক হলো—

A) অবস্থান ঘটিত সমাবয়ব B) শৃঙ্খল ঘটিত সমাবয়ব C) কার্যকরী মূলক ঘটিত সমাবয়ব D) ত্রিমাত্রিক সমাবয়ব ।

9. লজ্জাবতী গাছের পাতা স্পর্শে গুটিয়ে যায়, এর মূল কারণ হল স্পর্শের আঘাতে পাতার পত্রমূলের কোশ গুলিতে—

A) রসস্ফীতি জনিত চাপ কমে যায় B) রসস্ফীতি জনিত চাপ বেড়ে যায়

C) রসস্ফীতি জনিত চাপ একই থাকে D) কোনটিই ঠিক নয়।

10. থ্যালাসেমিয়ার প্রধান কারণ হল— A) হিমোগ্লোবিন কমে যাওয়া B) হিমোগ্লোবিনের গঠনগত ত্রুটি

C) হিমোগ্লোবিনের অক্সিজেন বহন ক্ষমতা কমে যাওয়া D) লোহিত রক্ত কনিকা নষ্ট হয়ে যাওয়া।

11. পৃথিবীতে প্রাণসৃষ্টির সময় কোন্‌টি বায়ুমন্ডলে ছিল না?

A) $NH_3$ B) $H_2$ C) $O_2$ D) $CH_4$

12. মাইটোসিসের পর অপত্য কোশের ক্রোমোজোম সংখ্যা হয় মাতৃকোশের ক্রোমোজোম সংখ্যার—

A) এক চতুর্থাংশ B) অর্ধেক C) দ্বিগুণ D) মাতৃকোশের সমান।

13. গোলাপ ফুলে মধু নেই। তাহলেও কিসের জন্য এই ফুলে পতঙ্গ আসে?

A) খনিজ মিশ্রিত জল খেতে B) নরম পাপড়ি খেতে C) আশ্রয়ের জন্য D) পরাগ খেতে।

14. তোমাদের গ্রামের জলাশয়গুলি বার বার কচুরিপানায় ভরে যায়। একবার পরিষ্কার করার পর বেশি দিন পরিষ্কার থাকে না। এখানে কি উপায়ে কচুরিপানায় বংশবৃদ্ধি হয়?

A) ভাসমান শিকড় থেকে B) ছোট ও মোট ভাসমান কান্ড দ্বারা

C) পাতার ফোলা বোঁটার সাহায্যে D) ফুলের মাধ্যমে বীজ দ্বারা।

15. DDT একটি— A) গ্রীন হাউস গ্রাস B) ভঙ্গুর দুষক C) অভঙ্গুর দূষক D) কোনটিই নয়।

16. কোন দুষকটি মোটর চালিত যানবাহন থেকে উৎপন্ন হয় না?
A) হাইড্রোকার্বন B) ফ্লাই অংশ C) $SO_2$ D) CO

17. $2x = 5y + 6$; $15y = 6x - 181$ সরলরেখাদ্বয় পরস্পর—
A) সমান্তরাল B) পরস্পরছেদি C) দুটি একই সরলরেখা D) কোনটিই নয়।

18. একটি নিরেট অর্ধগোলক থেকে সর্ববৃহৎ শঙ্কু তৈরী করা হলে শঙ্কু ও অর্ধগোলকের কেটেফেলা অংশের আয়তন এর অনুপাত হবে—
A) 1:1 B) 1:3 C) 3:1 D) 2:1

19. $\frac{\sin^4\alpha}{a} + \frac{\cos^4\alpha}{b} = \frac{1}{a+b}$ হলে $\sin^2\alpha : \cos^2\alpha$ এর মান—
A) a:b B) b:a C) $a^2:b^2$ D) $b^2:a^2$

20. A (3,0); B (0,4); O (0,0), $\Delta OAB$ এর পরিকেন্দ্রর স্থানাঙ্ক—
A) (3, 4) B) $\left(\frac{3}{2}, 2\right)$ C) $\left(3, \frac{4}{3}\right)$ D) (0, 5)

21. $(a-b)x^2 + (b-c)x + (c-a) = 0$ দ্বিঘাত সমীকরণের সমান বীজ থাকলে নীচের যেটি ঠিক তা হল—
A) 2b=a+c B) 2a=b+c C) 2c=a+b D) $\frac{1}{b} = \frac{1}{c} + \frac{1}{a}$

22. (a, b+c), (a, b–c) ও (–a, c) শীর্ষবিন্দু বিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল হবে—
A) 2ac বর্গ একক B) 2bc বর্গ একক C) b (a+c) বর্গ একক D) c (a–b) বর্গ একক।

23. যদি $\alpha + \beta = 90^0$ এবং $\alpha : \beta = 1:2$ হয়, তবে $\sin 3\alpha : \cos\beta$ এর মান হবে—
A) 1:2 B) 2:1 C) $3:\sqrt{2}$ D) $\sqrt{2}:3$

24. কিছু টাকা সরলসুদে 30 বছরে সুদে আসলে তিনগুণ হলো। সুদের হার কত? A) $6\frac{2}{3}\%$ B) 10% C) 15% D) 6%


25. সূর্যের উন্নতি কোণ $60^0$ থেকে কমে $30^0$ হলে একটি দণ্ডের ছায়ার দৈর্ঘ্য 40 মিটার বৃদ্ধি পায়। দণ্ডটির উচ্চতা কত?
A) $10\sqrt{3}$ m B) $15\sqrt{3}$ m C) $5\sqrt{3}$ m D) $20\sqrt{3}$ m

26. একটি ঘনকের কর্ণের দৈর্ঘ্য $\sqrt{12}$ সেমি হলে অব ঘনতল কত?
A) 18 ঘনসেমি B) 8 ঘনসেমি C) 6 ঘনসেমি D) 16 ঘনসেমি।


27. পশ্চিমবঙ্গো ষাঁড়াষাঁড়ি বান দেখতে পাওয়া যায়— A) তিস্তা নদীতে B) হুগলী নদীর মোহনায় C) দামোদর নদীতে D) ফারাক্কার গঙ্গাতে।

28. ভারতের পূর্ব-পশ্চিমে বিস্তৃত জাতীয় সড়কের নম্বর হবে— A) জোড় সংখ্যা B) বিজোড় সংখ্যা C) মৌলিক সংখ্যা D) ভগ্নাংশ।

29. পাশের চিত্রটি দেখে যতজন ছাত্র তিনটি বিষয়ে পড়ে তা নির্দেশ করে—




A) 11 B) 3 C) 4 D) 8

30. 

"?" চিহ্নিত স্থানে কী বসবে? A) 63 B) 45 C) 33 D) 19

## GROUP - B

31. "বিস্তীর্ণ দু'পারে অসংখ্য মানুষের হাহাকার শুনে,........ গঙ্গা তুমি বইছ কেন"— গানটির রচয়িতা কে?
A) কবীর সুমন B) ভূপেন হাজারিকা C) সলিল চৌধুরী D) হেমাঙ্গা বিশ্বাস।

32. 'ব্লাড মুন' কখন দেখা যায়? A) পূর্ণ চন্দ্র গ্রহণের সময় B) শরৎকালে পূর্ণিমা তিথিতে C) আকাশে মেঘ থাকলে D) বৈশাখী পূর্ণিমায়।

33. 'ওনাম' কোন রাজ্যের উৎসব? A) অসম B) কেরালা C) গোয়া D) কাশ্মীর।

34. পশ্চিমবঙ্গোর রাজ্য পাখি কোনটি? A) সাদা গলা-মাছ রাঙা B) চড়াই C) শালিখ D) বুলবুলি।

35. কোন্ বিজ্ঞানী দুবার নোবেল পুরষ্কার পান—একবার রসায়নে অন্যটি নোবেল শান্তি পুরষ্কার?
A) মেরি কুরি B) লাইনাস পাউলিং C) আইনস্টাইন D) মেলভিন কেলভিন।

36. আমাদের চোখে সবচেয়ে উজ্জ্বল নক্ষত্র কোনটি? A) আলফা সেঞ্চুরি B) সিরিয়াস (লুব্ধক) C) মেরুতারা D) কোনটাই নয়।

37. মহাবিশ্ব বর্তমানে যে অবস্থায় আছে— A) প্রসারণ শীল B) সঞ্চোলন শীল C) স্থির D) চক্রের দ্বিতীয় অর্ধে।

38. ডেমোগ্রাফি বলতে কী বোঝ? A) জনসংখ্যা বিষয়ক আলোচনা B) সমুদ্রের গভীরতা নির্ণয়ক বিষয় নিয়ে আলোচনা
C) পাহাড়ের উচ্চতা নির্ণয় D) জীব বৈচিত্র পরিসংখ্যান।

39. 'চিপকো' আন্দোলন উদ্ভব হয়েছিলো— A) আসামে B) মণিপুরে C) উত্তর প্রদেশে D) মধ্য প্রদেশে।

40. কোন ভারতীয় বিজ্ঞানী খুব সাধারণ কীটপতঙ্গের স্বভাব চরিত্র নিয়ে গবেষণা করেছেন ও বই লিখেছেন?
A) এম কে চন্দ্র শেখর B) রামবেন্দ্র গাডাগকর C) গোপালচন্দ্র ভট্টাচার্য D) রতনলাল ব্রহ্মচারী।

## GROUP - C

41. "এক সূত্রে বাঁধিয়াছি সহস্রটি মন
এক কার্যে সঁপিয়াছি সহস্র জীবন
বন্দে মাতরম, বন্দেমাতরম,............"
গানটির রচনাকার কে?
A) রবীন্দ্রনাথ ঠাকুর B) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় C) দ্বিজেন্দ্রলাল রায় D) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

42. মোবাইল (অ্যান্ড্রয়েড) ফোনের অতিরিক্ত ব্যবহার নিয়ে রাজীবদের বাড়িতে সেদিন খুব বকাঝকা হচ্ছিল। বাড়ির সবাই থাকলেও বকুনির আসল উদ্দেশ্য ছিল ক্লাশ টেনে (x) পড়া রাজীব ও ক্লাশ এইটে (viii) পড়া ওর বোন তুতুল। কার কার কথার সঙ্গে তোমার মত মেলেনা?
মা— বার বার বলছি মোবাইল ফোনে তোমরা মোটে হাত দেবে না। সবাই বলছে ওতে নেশা হয়ে যায়, আরো অনেক খারাপ জিনিস হয়।
রাজীব— পড়তে পড়তে অনেক কিছু আমাদের প্রশ্ন থাকে মা। নেট চালু থাকলে আমরা চট করে সেটা নিতে পারি। তবে নেশা যে হয় এটাও মানছি। আমার অনেক সময় চলে যায়।
দাদু— শুধু ছোটরা নয়, আমি তো দেখি এতে বড়দেরও বেশ ঝোঁক। তাই মনে হয় সবাই দরকারে ব্যবহার করুক, নিজেরা সতর্ক ও সংযত হয়ে ব্যবহার করুক। সবেরই ভালমন্দ থাকে।
বাবা— সতর্ক, সংযত-এসব হওয়া খুব মুস্কিল। তার চেয়ে অ্যান্ড্রয়েড ফোন না রাখলেই ল্যাটা চুকে যায়।
A) মা B) বাবা C) মা ও বাসা D) দাদু ও রাজীব।

43. এর মধ্যে কোন্ কথাটি তোমার কাছে ঠিক বলে মনে হয়?
A) প্রাচীনকালে ভারত জ্ঞানবিজ্ঞানে খুব উন্নত ছিল বলে প্লাস্টিক সার্জারির সাহায্যে গণেশের ঘাড়ে হাতির মাথা যুক্ত করা সম্ভব হয়েছিল।
B) প্রাচীন ভারতে বিমান ও রকেটের ব্যবহার ছিল। সেই কারণে রাবণ লঙ্কা থেকে সমুদ্র পেরিয়ে ভারতে আসতে পেরেছিল। দেবতারা ইচ্ছে মতো স্বর্গমর্ত্য সর্বত্র ঘুরে বেড়াতো।
C) ভারতীয় মহাকাশ বিজ্ঞানীদের বৈজ্ঞানিক দক্ষতার ফলে অত্যন্ত কম খরচে চাঁদের বিপরীত পৃষ্ঠে সফলভাবে অবতরণ করা সম্ভব হয়েছিল। পাঁজিপুঁজি দেখে যাগযজ্ঞ না করলেও এই সাফল্য আসতো।
D) সাপের কামড়ে কারো মৃত্যু হলে মৃতদেহ কলার মান্দাসে করে জলে ভাসিয়ে দিতে হয়, যদি সে কোনো দিন বেঁচে ওঠে।

44. কয়েকদিন ধরে দেখা যাচ্ছে তোমাদের ক্লাশে ছাত্রছাত্রীদের উপস্থিতি খুব কম হচ্ছে। খোঁজ নিয়ে জানা গেল বেশির ভাগই পেটের গোলমালে ভুগছে। বারে বারে পাতলা পায়খানা ও বমি হচ্ছে। স্যার বললেন ক্ষতিকর রোগজীবাণু জল ও খাদ্যের সঙ্গে অন্ত্রে ঢুকে পড়ে এই অসুখ সৃষ্টি করে। এই সময় খুব সাবধানে থাকতে হয়। কিন্তু তোমাদের বা বাড়ির কারো ও রকম হলে কি করবে নিজেরাই বলো। এর মধ্যে কার কথাটি ঠিক নয়?
বিলকিস— এই অসুখ হলে খুব তাড়াতাড়ি হাসপাতালে ভর্তি করে স্যালাইন চালাতে হয়।
মনিরুল— এই রোগের চিকিৎসার আসল জিনিস হলো শরীর যাতে জলশূন্য না হয়ে পড়ে তার জন্য প্রথম থেকেই লবণ, চিনির জল খাওয়া।
তৃষ্ণা বলল— আরো ভাল হয় যদি ওষুধের দোকান থেকে ORS র প্যাকেট কিনে নেওয়া হয়। সেটা এক লিটার বিশুদ্ধ জলে গুলে সারা দিনে একটু একটু করে খাওয়াতে হয়।
রবীন বলল— ওষুধের দোকান থেকে অ্যান্টিবায়োটিক কিনে নিয়ে খাওয়ানো যেতে পারে।
A) মনিরুল B) তৃষ্ণা C) তৃষ্ণা ও মনিরুল D) বিলকিস, রবীন।

45. পলাশদের স্কুলের পুরনো লাইব্রেরিটি ঝেড়ে মুছে চমৎকার করে সাজিয়ে আবার চালু করা হয়েছে। ছাত্র-ছাত্রীরা এখন নিয়মিত লাইব্রেরি থেকে বই পায়। পলাশ বই পড়তে ভালবাসে, কিন্তু ওর মা-বাবার মত আলাদা—তাঁরা বলেছেন; এখন ক্লাশ টেনে (x) পড়াশোনার চাপ বেশি, খবরের কাগজ গল্পের বই পত্রিকা কিছুই এখন পড়ার দরকার নেই— মন দিয়ে শুধু ক্লাশের পড়া করতে হবে। বাংলার স্যার সুকুমার বাবু বলেন পড়ার বই ছাড়া সব সময় অন্য বইও পড়তে হয়, তাতে কি উপকার হয় তোমরা ভাবতেও পারবে না। পলাশ ভাবে সত্যিই তো ওদের স্কুল থেকে গত বছর মাধ্যমিকে যে প্রথম হয়েছিল সেই চয়ন তো খুব বেশি অন্যবই পড়তো। পলাশের দিদি মিতা বলে আমার বই পড়ার সময় হয় না। অবসর সময়ে একটু টিভি দেখি। ব্যাস ওই-ই আমার যথেষ্ট। পলাশের দাদা বলে বই পড়ার সময় কোথায়? ইউ টিউবে কত কি আসে!
বইপড়া বিষয়ে তুমি কার বা কাদের মত সমর্থন করো?
A) সুকুমার স্যার ও পলাশ B) বাবা-মা C) দাদা D) মিতা।

46. ইনি কে?
কর্ণাটকের একজন অত্যন্ত সাহসী সংবাদিক। তিনি উগ্র ধর্মান্ধ রাজনীতির কড়া সমালোচক ছিলেন। জাতিভেদ প্রথা, পুরোহিত তন্ত্র, ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে তীব্র আক্রমণ করতেন। তাঁর মত ছিল শাস্ত্রে মহিলারা যথাযথ মর্যাদার আসনে নেই। 2017 সালে 5 ই সেপ্টেম্বর ব্যাঙ্গালোর শহরে নিজের বাড়ির সামনে আততায়ীর গুলিতে তিনি মারা যান।
A) অভিজিৎ রায় B) গৌরী লঙ্কেশ C) এম.এম কালবুর্গি D) নরেন্দ্র অচ্যুত দাভোলকার।

47. আমাদের পাড়ার মেয়ে 13-14 বছরের মিনতি হঠাৎ একদিন খুব অসুস্থ হয়ে পড়ল। একটা হাত (ডান) বুকের কাছে ভাঁজ করে আছে, প্রচণ্ড যন্ত্রণা, হাতটা সোজা করতে পারছে না কিছুতেই। খুব কান্না কাটি করছে। ডাক্তারের কাছে নিয়ে গেলে তিনি দেখেশুনে বললেন হাতে কিছু হয়নি, ঠিক হয়ে যাবে। কিন্তু দু-তিন দিন পেরিয়ে যাবার পরও যন্ত্রণা করে না। প্রতিবেশিরা নানা জন নানা উপদেশ দিতে থাকল। তোমার কোন্‌টি ঠিক বলে মনে হয়?

প্রথম জন— বাড়িতে কোন খারাপ লোক এসেছিল, সেই-ই নজর দিয়ে গেছে।

দ্বিতীয় জন— পাশের গ্রামে একজন ওঝা আছে, সে খুব ভাল ঝাড়ে, তাকে খবর দাও।

তৃতীয় জন— ওকে কোন মনোরোগ চিকিৎসকের কাছে নিয়ে যাও।

চতুর্থ জন— ওর মা ঠাকুরের কাছে মানত করেছিল—এখনো শোধ করেনি।

A) প্রথম জন B) দ্বিতীয় জন C) তৃতীয় জন D) চতুর্থ জন।

48. নিচের কথাগুলির মধ্যে কোন্‌টি ভুল?

A) 1945 সালে 6ই আগস্ট জাপানের হিরোসিমা শহরে পৃথিবীর প্রথম পারমাণবিক বোমাটি ফেলে আমেরিকা যুক্ত রাষ্ট্র।

B) 1996 সালে 2রা ডিসেম্বর ভূপাল গ্যাস দুর্ঘটনা ঘটে।

C) ভারতের দ্বিতীয় পারমাণবিক বোমা পরীক্ষা (অপারেশন শক্তি) হয়েছিল 1998, মে মাসে, রাজস্থানের মরু অঞ্চলে।

D) চাঁদের দক্ষিণ মেরুতে যন্ত্রযান-3 অবতরণ করে 2023 এর 23 শে আগস্ট।

49. কোন্ তথ্যটি ভুল?

A) অসম, মহারাষ্ট্র, ওড়িশা, বিহার, ঝাড়খন্ড, ছত্তিশগড়, কর্ণাটক, রাজস্থানে অন্ধ কুপ্রথা বিরোধী আইন চালু হয়েছে।

B) ভারতে মোট আড়াইশো রকমের সাপের মধ্যে মাত্র ষাট রকম সাপ বিষধর। মানুষের মৃত্যু হতে পারে এমন সাপের সংখ্যা প্রায় চল্লিশ।

C) রাচেল লুইস কারসন আমেরিকা যুক্ত রাষ্ট্রের একজন পিরবেশ বিজ্ঞানী যিনি ওজোন স্তরের ক্ষয় নিয়ে প্রথম দৃষ্টি আকর্ষণ করেন।

D) শুধুমাত্র পরিবেশকে কেন্দ্র করে রাষ্ট্রসংঘ পৃথিবীর সর্ববৃহৎ পরিবেশ সম্মেলনের আয়োজন করে 1972 সালে সুইডেনের স্টকহোম শহরে 5ই জুন থেকে 16ই জুন পর্যন্ত সময়ে।

50. ইনি কে?

জন্ম 1820 সালে 15ই জুলাই। বাংলার নবজাগরণের অন্যতম পথিকৃৎ। বিশিষ্ট সংবাদিক, প্রবন্ধকার, লেখক। 'বিদ্যাদর্শন' ও 'তত্ত্ব বোধিনী' পত্রিকার মাধ্যমে বাংলা পরিভাষা তৈরি করে বাংলাভাষার মাধ্যমে বিজ্ঞান চর্চার ভিত্তিস্থাপন করেন। সাধারণ মানুষের মধ্যে অনুসন্ধিৎসা, বিজ্ঞান চেতনা প্রসারের অগ্রদূত। তিনি অর্থহীন হিন্দু আচার অনুষ্ঠান পালনে অনাগ্রহী ছিলেন কিন্তু বাংলাভাষা ও সংস্কৃতি বিকাশে প্রভূত অবদান রেখে গেছেন। 1886 সালে 18 ই মে তিনি প্রয়াত হল।

A) রামমোহন রায় B) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর C) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় D) অক্ষয় কুমার দত্ত।

---

# Rough

